সমকাল

তারিখ ... 09 SEP 2016 ...
পৃঃ ...৭... কলাম ... ২...

# বিদ্যালয় ছুটি দিয়ে পশুর হাট

■ মোতাহার আলম চৌধুরী, *মদন (নেত্রকোনা)*

আসন্ন ঈদুল আজহাকে সামনে রেখে মদন উপজেলার তিয়শ্রী এনএইচ খান একাডেমি বিদ্যালয়ের মাঠে বুধবার স্থানীয় সরকারের নিষেধাজ্ঞা অমান্য করে এলাকার প্রভাবশালীরা পশুর হাট বসিয়েছে। বিদ্যালয়ের মাঠে হাট বসানোর জন্য দুই বিষয়ের ক্লাস নিয়েই স্কুল ছুটি দিতে হয়েছে বলে বিদ্যালয়ের অফিস সহকারী কারি সৈয়দ জিয়াউল হক মোবাইল ফোনে এ বিষয়টি নিশ্চিত করেছেন। ইজারাদাররা কোরবানির পশু কেনাবেচার জন্য তিয়শ্রী বাজারের পাশে নির্ধারিত জায়গা থাকলেও সেখানে কেনাবেচা না করে বিদ্যালয়ের মাঠে পশু কেনাবেচার জন্য ব্যবহার করছেন। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি লে. কর্নেল (অব.) সৈয়দ আতাউল হক জানান, হাট বসার বিষয়টি তার জানা নেই, তবে বিষয়টি দেখবেন বলে জানান। বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মামুন মিয়া জানান, বিষয়টি তার জানা নেই। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রশিদ জানান, বিদ্যালয়ের মাঠে হাট বসা নিষেধ করার পরও কেউ যদি জোর করে হাট বসায়, তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। ইউএনও মো. খুরশীদ শাহরিয়র জানান, কোনো অবস্থাতেই বিদ্যালয়, মসজিদ এবং মহাসড়কে পশুর হাট বসানো যাবে না। যদি কেউ আদেশ অমান্য করে তবে তার ডাক বাতিল করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। তিয়শ্রী পশুর হাট ইজারাদারকে বিদ্যালয়ের মাঠ ব্যবহার না করার জন্য চিঠি দেওয়া হয়েছে। আদেশ অমান্য করলে তার ডাক বাতিলসহ ব্যবস্থা নেওয়া হবে।



তিয়শ্রী এনএইচ খান একাডেমি বন্ধ রেখে পশুর হাট ›› সমকাল